গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, মাগুরা
www.doict.magura.gov.bd

## ডিসেম্বর/২০২৩ মাসের জেলা আইসিটি কমিটি সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আবু নাসের বেগ<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | **১৯.১২.২০২৩ খ্রিস্টাব্দ** |
| সভার সময় | **বেলা ১১.৩০ টা** |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (চাঁদের হাট ) |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্যগণ জেলা আইসিটি সভায় তাদের গৃহীত কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|
| **১।পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:** সভাপতির সম্মতিক্রমে প্রোগ্রামার,মাগুরা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। | ১. কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। | |
| **২।ডিজিটাল কনটেন্ট:** ডিজিটাল কনটেন্ট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। ইতোমধ্যে মাল্টিমিডিয়া ক্লাশরুম ম্যানেজমেন্ট সিস্টেমে মাগুরা জেলার মাধ্যমিক পর্যায়ে ২৭৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৯৮ টি শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধিত হয়েছে। এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সাথে আলোচনায় জানা যায় মাল্টিমিডিয়া ক্লাশরুম ম্যানেজমেন্ট মনিটরিং নামে নতুন একটি সিস্টেম তৈরী করা হচ্ছে। এ বিষয়ে আলোচনা করা হয়। | ২.১। অনলাইনের ডিজিটাল কনটেন্ট ব্যবহারের ক্ষেত্রে মানসম্মত কনটেন্ট ব্যবহার করতে হবে।<br>২.২। মাল্টিমিডিয়া ক্লাশরুম ম্যানেজমেন্ট সিস্টেম এর নতুন ভার্সন উন্মুক্ত হওয়ার পূর্ব পর্যন্ত পূর্বের সিস্টেম ব্যবহার করা যেতে পারে। | ১।জেলা শিক্ষা অফিসার<br>২।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রোগ্রামার<br>৪।স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান । |
| **৩। ই-নথি/ডি-নথি কার্যক্রম:** এ টু আই এর প্রেরিত তথ্য অনুযায়ী মাগুরা জেলার জেলা ও উপজেলা পর্যায়ের ৬৭ টি দপ্তর ডি-নথি সিস্টেমে এবং ৫০ টি দপ্তর ই-নথি সিস্টেমে লাইভে আছে। সহকারী কমিশনার (আইসিটি) জানান জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরার নথি সিস্টেম ই-নথি থেকে ডি-নথিতে মাইগ্রেশনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রোগ্রামার, মাগুরা জানান সদর উপজেলার বিভিন্ন দপ্তরের ত্রিশ জন কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি বিষয়ক তিন দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ডি-নথি সিস্টেমে নতুন হওয়ায় প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। | ৩.১। জেলা ও উপজেলা পর্যায়ে নথি সিস্টেমের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩.২। জেলা পর্যায়ে যে সকল দপ্তর ই-নথি থেকে ডি-নথিতে স্থানান্তরিত হয়েছে, সে সকল দপ্তর হতে মনোনীত ০১ জন কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১।অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),<br>২।উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩।প্রোগ্রামার,<br>৪।সহকারী প্রোগ্রামার (সকল)<br>৫।সকল দপ্তর পধান। |

<table>
<tr>
<td>৪। ওয়েব পোর্টাল: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশ্বের বৃহত্তম সরকারি ওয়েব পোর্টাল একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই পোর্টালের মাধ্যমে সরকারের যেকোন কর্মকান্ডের অগ্রগতি ও উন্নতিসহ পরিবর্তনের সকল তথ্য জনগণ জানতে পারে। জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালে প্রবেশ করলে দেখা যায় বিভিন্ন দপ্তর তাদের তথ্য নিয়মিত এবং যথাসময়ে হালনাগাদ করে না।এর ফলে সঠিক তথ্যের অভাবে সেবা প্রার্থী সেবা থেকে বঞ্চিত হয়। প্রোগ্রামার, মাগুরা সকল দপ্তরের ওয়েব পোর্টলের প্রতিবেদন সভায় প্রেরণ করেন। আলোচিত দপ্তর সমূহের পোর্টালের বর্তমান অবস্থা প্রোগ্রামার , মাগুরা উপস্থাপন করেন।<br>দপ্তর সমূহ নিম্নরূপঃ
<table>
<tr><th>দপ্তরের নাম</th><th>শতকারা হার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>জীবন বীমা কর্পোরেশন, মাগুরা</td><td>৩৮.১৯%</td><td>সভায় অফিস প্রধান/প্রতিনিধি অনুপস্থিত ছিলেন। পোর্টালের তথ্য হালনাগাদ হয় নি।</td></tr>
<tr><td>সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মাগুরা</td><td>৩৮.১৯%</td><td>সভায় অফিস প্রধান/প্রতিনিধি অনুপস্থিত ছিলেন। পোর্টালের তথ্য হালনাগাদ হয় নি।</td></tr>
<tr><td>ঔষুধ প্রশাসন, মাগুরা</td><td>৪০.২৮%</td><td>সভায় অফিস প্রধান/প্রতিনিধি অনুপস্থিত ছিলেন। পোর্টালের তথ্য হালনাগাদ হয় নি।</td></tr>
<tr><td>পাট অধিদপ্তর, মাগুরা</td><td>৬৬.৬৭%</td><td>সভায় অফিস প্রধান/প্রতিনিধি অনুপস্থিত ছিলেন। পোর্টালের তথ্য হালনাগাদ হয় নি।</td></tr>
<tr><td>সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ</td><td>৮৪.০৭%</td><td>উপস্থিত ছিলেন কিন্তু পোর্টালের তথ্য হালনাগাদ হয় নি।</td></tr>
<tr><td>মাগুরা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র</td><td>৮৮.৫৯%</td><td>অফিস প্রধান উপস্থিত ছিলেন এবং পোর্টালের তথ্য আংশিক হালনাগাদ হয়েছে।</td></tr>
<tr><td>নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মাগুরা</td><td>১০০%</td><td>অফিস প্রধান উপস্থিত ছিলেন এবং পোর্টালের তথ্য হালনাগাদ হয়েছে।</td></tr>
<tr><td>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, মাগুরা</td><td>১০০%</td><td>অফিস প্রধান উপস্থিত ছিলেন এবং পোর্টালের তথ্য হালনাগাদ হয়েছে।</td></tr>
</table></td>
<td>৪.১। জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে সংযোজিত দপ্তরসমূহের সকল অসম্পূর্ণ তথ্য আপলোড করাসহ নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৪.২। প্রেরিত প্রতিবেদন অনুযায়ী উল্লিখিত দপ্তর সমূহের জাতীয় তথ্য বাতায়নের তথ্য আগামী সভার পূর্বে হালনাগাদ করে আইসিটি শাখায় প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৪.৩। প্রেরিত প্রতিবেদন অনুযায়ী উল্লিখিত দপ্তর সমূহের দপ্তর প্রধান/একজন প্রতিনিধি কে আগামী সভায় অংশগ্রহণ করতে হবে।</td>
<td>১।উপজেলা নির্বাহী অফিসার<br>২।সহকারী কমিশনার (আইসিটি<br>৩।প্রোগ্রামার,<br>৪।সহকারী প্রোগ্রামার (সকল)<br>৫।স্ব স্ব দপ্তর প্রধান।</td>
</tr>
<tr>
<td>৫।Smart Schooling Platform of Magura: সহকারি কমিশনার, আইসিটি জানান জেলা প্রশাসন, মাগুরার উদ্যেগে এ জেলায় Smart Schooling Platform of Magura নামে Software Development এর কার্যক্রমসহ সিস্টেমে অন্তর্ভুক্ত প্রাথমিক বিদ্যালয়ের ডাটা এন্ট্রির কার্যক্রম সম্পন্ন হয়েছে।এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>৫.১।SSPM সিস্টেমে অন্তর্ভুক্ত প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ SSPM সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করবেন।<br>৫.২।SSPM সিস্টেম সঠিকভাবে ব্যবহার নিশ্চিতকরণে তদারকি করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৬। শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ সহকারী প্রোগ্রামার, মাগুরা সদর ও শালিখা শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও স্কুল অফ ভিউচারের বর্তমান অবস্থার বিস্তারিত তুলে ধরেন। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর পরিদর্শন প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা ও জেলা কার্যালয়, মাগুরা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মাগুরা কর্তৃক পাওয়া গেছে। শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাব ও শেখ রাসেল স্কুল অফ ফিউচার কে সর্বোত্তম ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>৬.১। নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন ও ল্যাবগুলো অধিকতর কার্যকর করতে হবে।<br>৬.২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার, একাডেমিক সুপার ভাইজার প্রতি মাসে ০৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং প্রোগ্রামার, মাগুরা প্রতি মাসে ০৩ টি পরিদর্শন পূবর্ক এ কার্যালয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করবেন।</td>
<td>১।অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>২।জেলা শিক্ষা অফিসার<br>৩।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>৪।প্রোগ্রামার,<br>৫।সহকারী প্রোগ্রামার<br>৬।প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট সকল)।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| **৭।ফ্রিল্যান্সিং প্রশিক্ষণঃ**<br>প্রোগ্রামার, মাগুরা জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "Her Power" প্রকল্পের মাধ্যমে নারীদের ক্ষমতায়নের জন্য মাগুরা সদর, শ্রীপুর ও মহাম্মদপুর উপজেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া আইসিটি বিভাগের হাইটেক পার্ক কর্তৃপক্ষ এর "শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, মাগুরা" প্রকল্পের মাধ্যমে বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের জন্য ২৫০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৭.১। সকল ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ সঠিকভাবে যাচাই বাছাই স্বাপেক্ষে নিয়ম মাফিক প্রদান করতে হবে।<br>৭.২। "শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, মাগুরা" প্রকল্প ও "Her Power" প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত সকল হালনাগাদ তথ্য জেলা প্রশাসক, মাগুরা কে প্রদান করতে হবে। | ১।প্রোগ্রামার ও সহকারী ,প্রোগ্রামার ( সকল)।<br>২। সহকারী প্রোগ্রামার, "শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, মাগুরা" |
| **৮। শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার:**<br>শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার, মাগুরার অবকাঠামোসহ অন্যান্য কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। | ৮.১। সকল কার্যক্রম নিয়মানুযায়ী পরিচালনাসহ জেলা প্রশাসক, মাগুরা কে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। | ১।সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার |
| **৯।সুরক্ষা APPs সংক্রান্ত:** জেলা প্রশাসক, মাগুরা মহোদয় কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কতৃক তৈরীকৃত "সুরক্ষা" Apps/ ওয়েবসাইট (www.surrukkha.gov.bd) ব্যবহার করে নিবন্ধন করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া টিকা গ্রহণকারী ব্যক্তিদের সার্ভারে বিদ্যমান থাকা ভূল তথ্য উপযুক্ত প্রমাণক থাকা শর্তে সংশোধন করা বিষয়ে আলোচনা করা হয়। | ৯.১। কোভিড -১৯ টিকার নিবন্ধনের জন্য "সুরক্ষা" apps/ ওয়েব সাইট (www.surrukkha.gov.bd) ব্যবহার করতে হবে।<br>৯.২।টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক জমা প্রদান শর্তে ভুলথাকা তথ্য সংশোধন করতে হবে। | ১।প্রোগ্রামার, মাগুর। |
| **১০।বিবিধ:** ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা ও আইসিটির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে জনসচেতনতা বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়। প্রোগ্রামার, মাগুরা জেলা আইসিটি কমিটির কার্যপরিধি/ প্রয়োজনীয়তা সভায় উপস্থাপন করেন।<br>এছাড়া সকল সদস্য কে নিয়মিত জেলা আইসিটি কমিটির মাসিক সমন্বয় সভায় যথাসময়ে উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | ১০.১।ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয় বৃদ্ধির জন্য সহযোগিতা করতে হবে।<br>১০.২। ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সম্মানিত নাগরিকগণ যাতে সঠিক সেবা সঠিক মূল্যে ও সঠিক সময়ে পায় সে ব্যাপারে মনিটরিং করতে হবে।<br>১০.৩।জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ১।অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>২।উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>৩।প্রোগ্রামার, মাগুরা<br>৪। সহকারী প্রোগ্রামার (সকল), মাগুরা |

সভায় আর কোন আলোচনা না থাকায় আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-১২-২০২৩


মোহাম্মদ আবু নাসের বেগ
জেলা প্রশাসক
০১৭২০২২২৫১৮
dcmagura@mopa.gov.bd

১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: 
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৫৫০০.০০০.০৬.০০১.২০.৬৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, মাগুরা -০১;
২। মাননীয় সংসদ সদস্য, মাগুরা -০২;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৪। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা;
৫। পুলিশ সুপার, মাগুরা;
৬। সিভিল সার্জন, মাগুরা;
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা;
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা;
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ,মাগুরা;
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাগুরা;
১১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা;
১২। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মাগুরা;
১৩। উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মাগুরা;
১৪। জেলা মৎস্য কর্মকর্তা, মাগুরা;
১৫। জেলা শিক্ষা কর্মকর্তা, মাগুরা;
১৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মাগুরা;
১৭। জনাব মোঃ রুহুল আমিন, সহযোগী অধ্যাপক, পদার্থ বিঃ, সরকারী হোসেন শহীদ সোহারাওয়ার্দী কলেজ, মাগুরা;
১৮। প্রধান শিক্ষক, সরকারী বালক উচ্চ বিদ্যালয়, মাগুরা;
১৯। সহকারী কমিশনার (নেজারত শাখা), জেলা প্রশাসকের কার্যালয়,মাগুরা;
২০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়,মাগুরা;
২১। প্রভাষক (আইসিটি), সরকারী মহিল কলেজ, মাগুরা;
২২। সহকারী প্রোগ্রামার, মাগুরা সদর;
২৩। সহকারী প্রোগ্রামার, শ্রীপুর, মাগুরা;
২৪। সহকারী প্রোগ্রামার, মহাম্মদপুর,মাগুরা;
২৫। সহকারী প্রোগ্রামার, শালিখা, মাগুরা;
২৬। সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার, মাগুরা;
২৭। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস, মাগুরা;
২৮। জনাব বাসুদেব কুন্ডু, সহ সভাপতি, জেলা আওয়ামী লীগ, মাগুরা;
২৯। সহকারী ম্যানেজার, টেলিকম, বিটিসিএল, মাগুরা;
৩০। জনাব মোঃ ফজলুর রহমান, আহবায়ক, জেলা যুবলীগ, মাগুরা;
৩১। জনাব উজ্জ্বল দত্ত, পরিচালক স্টার নেট ও স্টার ক্যাবলস নেটওয়ার্ক, মাগুরা;
৩২। জনাব মানবেন্দ্র ভৌমিক, ধানসিড়ি কম্পিউটার, মাগুরা;
৩৩। জেলা প্রশাসক, মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৩৪। ..............................................., মাগুরা।

৩১-১২-২০২৩
মোঃ আবুল কাসেম
প্রোগ্রামার